

অধিদপ্তরের নাম: বাংলাদেশ টেলিভিশন

পাইলটিং প্রকল্পের তালিকা

ক্রমিক নং-	পাইলটিং প্রকল্পের নাম	বিবরণ	ফলাফল
০১.	বিটিভি মোবাইল অ্যাপস চালু	<p>বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠানসমূহ সরাসরি ঢাকা কেন্দ্রে থেকে ১৪টি কেন্দ্র/উপকেন্দ্রের মাধ্যমে টেরেস্ট্রিয়াল সম্প্রচার করা হয়ে থাকে। বিটিভির অনুষ্ঠানসমূহ প্রচারের বিষয়ে বিভিন্ন সংবাদ গত্ত, ওয়েবসাইট ও অনুষ্ঠানসূচি ঘোষণার মাধ্যমে বিটিভির দর্শকগণ প্রচারিতব্য অনুষ্ঠান সম্পর্কে জানতে পারেন। ডিজিটাল প্রযুক্তির সাথে তাল মিলিয়ে বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠানসমূহ দর্শকদের নিকট সহজে পৌছে দিতে মোবাইল অ্যাপস চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।</p>	<p>বর্তমান ইন্টারনেট ও মোবাইলের যুগে এদেশের অধিকাংশ জনগণ ফেসবুক, ইউটিউব ও টুইটার ব্যবহার করে থাকে। মোবাইল ব্যবহারকারী এবং প্রত্যন্ত এলাকার দর্শকদের বিনোদনের মাধ্যম সহজ করার লক্ষ্যে প্রচারিত অনুষ্ঠানসমূহ, অনুষ্ঠানের সকল আপডেট/ ঘোষণা মোবাইল অ্যাপস এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা হয়। ফলে বিটিভির প্রচারিত অনুষ্ঠানসমূহের সংবাদ মোবাইল অ্যাপস ব্যবহারকারী জনগণের নিকট সহজে পৌছে যাচ্ছে এবং এতে বিটিভির দর্শক প্রিয়তা বৃদ্ধি পেয়েছে।</p>
০২.	সংবাদের থিমেটিক ব্যাকগ্রাউন্ড	<p>বাংলাদেশ টেলিভিশনের সংবাদ নিজস্ব রিপোর্টার ও জেলা সংবাদ প্রতিনিধিদের পাঠানো তথ্যের উপর ভিত্তি করে প্রচার করা হয়ে থাকে। পূর্বে প্রচারিত তথ্য সমূহ বর্ণনা ভিত্তিক ছিল বিধায় দৃষ্টিগ্রাহ্য ও আর্কষণীয় ছিলনা। বিটিভির সংবাদ আর্কষণীয় ও দৃষ্টিগ্রাহ্য করতে থিমেটিক ব্যাকগ্রাউন্ডের মাধ্যমে সংবাদ প্রচারের উদ্যোগ নেয়া হয়েছে।</p>	<p>বিটিভির বিদ্যমান সংবাদসমূহকে আধুনিক ও যুগোঘোষী করার অংশ হিসেবে প্রচারিত সংবাদের পাশাপাশি সংশ্লিষ্ট বিষয়ের ছবি/ভিডিও ফুটেজ স্ক্রিনে প্রদর্শন করা হয়। বিটিভিতে যখন যে বিষয়ের সংবাদ সম্প্রচারিত হয় তখন ব্যাকগ্রাউন্ড স্ক্রিনে সে বিষয়ের আবহচত্র ফুটে উঠে। ফলে বিটিভির প্রচারিত সংবাদসমূহ জনগণের নিকট দৃষ্টিগ্রাহ্যভাবে পৌছে যাচ্ছে এবং বিটিভির দর্শক প্রিয়তা বৃদ্ধি পেয়েছে।</p>
০৩.	অনলাইন গেট পাস চালু	<p>বিটিভিতে মূলতও চার ধরণের পাস ইস্যু করা হয়। যথা- ক) কন্ট্রোলরুম পাস খ) স্টুডিও পাস গ) টিভি অফিস পাস ঘ) ডিজিটার পাস। পাস প্রদানের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ আগত অতিথি, শিল্পী/কলাকুশনীদের নামে পুরোহী পাস ইস্যু করে সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হতো। আগত অতিথি, শিল্পী/কলাকুশনীগণ উক্ত পাস সংগ্রহপূর্বক বিটিভি ভবনে উপস্থিত হয়ে থাকেন। অভ্যর্থনাকক্ষ হতে পাস যাচাই বাছাইপূর্বক প্রবেশের অনুমতি প্রদান করা হয়। ফলে আগত অতিথি, শিল্পী/কলাকুশনীদের নানারকম বিড়ব্বনায় প্রতে দেখা যায়। বাংলাদেশ টেলিভিশনের বর্তমান ম্যানুয়াল গেট পাস সিস্টেমকে যুগোঘোষী ও গতিশীল করার লক্ষ্যে অফিস অটোমেশন সিস্টেমের আওতায় ইলেকট্রনিক গেট পাস ইস্যুই সিস্টেম চালুর উদ্যোগ নেয়া হয়।</p>	<p>বিটিভির পাস প্রদানের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ আগত অতিথি, শিল্পী/কলাকুশনীদের নামে প্রয়োজনীয় তথ্যসহ (মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি) সফটওয়্যারের মাধ্যমে একটি গেট পাস প্রেরণ করেন। উক্ত তথ্যের ভিত্তিতে রিসিপশন ডেস্কে কর্তব্যরত কর্মকর্তা/কর্মচারীগণ অতিথির তথ্য যাচাই ও ছবি ক্যাপচারপূর্বক তাঁকে একটি ডিজিটার কার্ড ইস্যুর মাধ্যমে বিটিভি ভবনের অভ্যন্তরে প্রবেশের পদক্ষেপ নেন। অনলাইন গেট পাস চালু করায় দর্শনার্থী/শিল্পীদের সময় ও বিড়ব্বনা হাসসহ সেবার মান এবং কাজের গতি বৃদ্ধি পেয়েছে।</p>

মোঃ মোলান ফাতেম
 মোঃ মোলান ফাতেম
 বাংলাদেশ টেলিভিশন
 শীক্ষণিক প্রকল্প পরিকল্পনা